# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ সালাত

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(২৪৮) ‘রাব্বানা ওয়া লাকাল হামদু’ বলার পর ‘ওয়াশ্ শুক্‌রু’ শব্দ বৃদ্ধি করে বলার বিধান কি?

নিঃসন্দেহে শুধুমাত্র প্রমাণিত দু’আ ও যিকির সমূহ পাঠ করাই উত্তম। নিজের পক্ষ থেকে কোন শব্দ বৃদ্ধি না করা। রুকূ থেকে মাথা উঠানোর পর (সামিআল্লাহুলিমান হামীদাহ্ বলে) পাঠ করবেঃ ‘রাব্বানা ওয়া লাকাল হামদু’। ‘ওয়াশ্ শুক্‌রু’ শব্দ বৃদ্ধি করা জায়েয নয়। কেননা এ ব্যাপারে কোন দলীল নেই।

উল্লেখ্য যে, এ সময় চার ধরণের শব্দ প্রমাণিত হয়েছেঃ

১) ‘রাব্বানা ওয়া লাকাল হামদু’
২) ‘রাব্বানা লাকাল হামদু’
৩) ‘আল্লাহুম্মা রাব্বানা ওয়া লাকাল হামদু’
৪) ‘আল্লাহুম্মা রাব্বানা লাকাল হামদু’

এগুলো সবটাই এক সাথে বলবে না; বরং কোন নামাযে এটা কোন নামাযে ওটা পাঠ করবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=778

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন